ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
মোহাম্মদপুর, ঢাকা- ১২৩১
www.iau.edu.bd

স্মারক নং- ইআবি/রেজি/নি.শৃ/২০২৫/০৪/১৪৪ তারিখঃ ২৫ আগস্ট, ২০২৬ খ্রি.
১০ ভাদ্র, ১৪৩৩ বঙ্গ.

# অফিস আদেশ

সম্প্রতি ঢাকাসহ সারা দেশে ডেঙ্গুর প্রকোপ বৃদ্ধি পেয়েছে এবং ইতোমধ্যে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের কয়েকজন কর্মকর্তা ও কর্মচারী ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়েছেন। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী, অধিভুক্ত মাদরাসাসমূহের শিক্ষক, শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের স্বাস্থ্য সুরক্ষা এবং ডেঙ্গু জ্বরের জীবাণুবাহী এডিস মশার বিস্তার রোধে অফিসের সার্বিক পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করা অত্যন্ত জরুরি।

এমতাবস্থায়, প্রতিষ্ঠানে ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির সাথে নিম্নোক্ত কার্যক্রম জরুরি ভিত্তিতে গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক) ক্যাম্পাস এবং সকল অফিস কক্ষ, বারান্দা, সিঁড়ি, করিডোর, কিচেন, বাথরুম ও আশেপাশের স্থান নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে;

খ) অফিস কক্ষ, বারান্দা, সিঁড়ি, করিডোর, কিচেন, বাথরুম, ফুলের টব, ড্রেন, নালা ও আশেপাশের স্থানে পানি জমে আছে কি না তা নিয়মিত পর্যবেক্ষণ করে জমে থাকা পানি দ্রুত অপসারণ করতে হবে;

গ) মশা এবং মশার লার্ভা নিধনের লক্ষ্যে ক্যাম্পাসে এবং অফিসে নিয়মিত অনুমোদিত পদ্ধতিতে কীটনাশক বা মশার স্প্রে প্রয়োগ করতে হবে;

ঘ) প্রতিটি দপ্তর/শাখার শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের নিজ নিজ অফিস কক্ষ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার বিষয়ে সার্বক্ষণিক সচেতন থাকতে হবে;

ঙ) ডেঙ্গু প্রতিরোধে শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে সচেতনতামূলক প্রচারণা চালাতে হবে;

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

২৫.০৮.২৬

অধ্যাপক ড. এ. কে. মুহা. নুরুল ইসলাম
রেজিস্ট্রার (অ. দা.)
মোবাইল: ০১৭০৫ ৪০৮০০১

স্মারক নং- ইআবি/রেজি/নি.শৃ/২০২৫/০৪/১৪৪ তারিখ: ২৫ আগস্ট, ২০২৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। ডিন (সকল), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২। দপ্তর প্রধান (সকল), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩। ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব, ইআবি (মাননীয় ভাইস চ্যান্সেলরের সদয় অবগতির জন্য)।
৪। প্রো-ভাইস চ্যান্সেলর (একাডেমিক) এর একান্ত সচিব, ইআবি (মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলরের সদয় অবগতির জন্য)।
৫। প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) এর একান্ত সচিব, ইআবি (মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলরের সদয় অবগতির জন্য)।
৬। সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, ইআবি (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী (সকল), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৮। সভাপতি, গভর্নিং বডি/এডহক কমিটি, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে পরিচালিত সকল মাদরাসা।
৯। অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে পরিচালিত সকল মাদরাসা।
১০। আই.সি.টি. শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১১। সংশ্লিষ্ট নথি।

২৫.০৮.২৬

মো: অজিউল্যাহ
সহকারী রেজিস্ট্রার
নিরাপত্তা ও শৃঙ্খলা, ইআবি